অধ্যক্ষের কার্যালয়

# চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।

তারিখ: ১৫/০২/২০২৩ খ্রি.

## বিজ্ঞপ্তি নং- ৩৬

ছাত্র-ছাত্রী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২১ সালের অনার্স-৪র্থ বর্ষ নিয়মিত, অনিয়মিত ও আংশিক পত্রের পরীক্ষার্থীদের পরীক্ষার ফরম পূরণের তারিখ, ফিসের হিসাব ও অন্যান্য নিয়মাবলী নিম্নে দেয়া হলো। এ পরীক্ষার আবেদন ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম **Online** এর মাধ্যমে সম্পন্ন করা হবে। ফরম পূরণের সকল ক্ষেত্রে অবশ্যই কোভিড-১৯ সংক্রান্ত স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।

ফরম পূরণের তারিখ ও ফিসের হিসাব নিম্নরূপ:

| বিষয় | সেশন ফি (যারা সেশন ফি পরিশোধ করেনি) | ফরমপূরণ ফি নিয়মিত/ অনিয়মিত | এক বা একাধিক কোর্সের পরীক্ষার্থী | ফরম পূরণ ও ফি প্রদানের তারিখ |
|---|---|---|---|---|
| বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইসলাম শিক্ষা, দর্শন, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা | ২৯৬২/- | ৩৭০০/- | ০১ পত্র = ১০৫০/-<br>০২ পত্র = ১৩০০/-<br>০৩ পত্র = ১৫৫০/-<br>০৪ পত্র = ১৮০০/-<br>০৫ পত্র = ২০৫০/- | অনলাইনে ফরম পূরণের তারিখ: ১৯/০২/২০২৩ তারিখ হতে ০১/০৩/২০২৩ তারিখ পর্যন্ত। |
| সমাজকর্ম | ২৯৬২/- | ৩৮০০/- | | মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদানের তারিখ: ২৩/০২/২০২৩ তারিখ হতে ০৫/০৩/২০২৩ তারিখ পর্যন্ত। |
| পদার্থবিজ্ঞান, উদ্ভিদবিজ্ঞান, প্রাণিবিজ্ঞান, গণিত, ভূগোল ও পরিবেশ | ৩০৮২/- | ৩৮৫০/- | | |
| রসায়নবিজ্ঞান | ৩০৮২/- | ৪২৫০/- | | মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ফি প্রদানের পর পরীক্ষার আবেদন ফরম ও ফি প্রদানের রশিদ সংশ্লিষ্ট বিভাগে জমা দেওয়ার তারিখ: ০৬/০৩/২০২৩ তারিখ হতে ১২/০৩/২০২৩ তারিখ পর্যন্ত। |

| | |
|---|---|
| ফরম পূরণের নিয়মাবলী : | ২০২১ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত কার্যক্রম অন-লাইনের মাধ্যমে সম্পন্ন করা হবে বিধায় পরীক্ষার্থী নিজে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট **www.nubd.info/formfillup** এ প্রবেশ করে যথাযথভাবে রেজিস্ট্রেশন নম্বর ও সঠিক বিষয় কোড এন্ট্রি করে আগামী ১৯/০২/২০২৩ তারিখ হতে ০১/০৩/২০২৩ তারিখের মধ্যে আবেদন ফরম ডাউন লোড করে প্রিন্ট নিতে হবে। বিষয় কোডে গড়মিলের কারণে পরীক্ষা সংক্রান্ত জটিলতার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না। |
| ফি জমাদানের নিয়মাবলী : | নিয়মিত, অনিয়মিত সকল পত্রে ও আংশিক পত্রের পরীক্ষার্থীগণ বিকাশ অথবা নগদ অ্যাপস্-এ প্রবেশ করে পে-বিল অপশনে চাঁদপুর সরকারি কলেজ নির্বাচন করতে হবে। অতপর **Student ID** এর স্থলে পরীক্ষার্থী নিজের রেজিস্ট্রেশন নম্বর লিখে **Month-February-23 Select** করে পরীক্ষার ফিসের মোট টাকা সার্ভিস চার্জসহ (স্বয়ংক্রিয়ভাবে কাটা যাবে) নিশ্চিত হয়ে আগামী ২৩/০২/২০২৩ তারিখ হতে ০৫/০৩/২০২৩ তারিখের মধ্যে **Payment** সম্পন্ন করতে হবে। **Payment** সম্পন্ন করার পর পরীক্ষার আবেদন ফরমের সঙ্গে **Payment** কপি সংযুক্ত করে সংশ্লিষ্ট বিভাগে জমা দেওয়ার মাধ্যমে ফরমপূরণের কাজ সম্পন্ন করতে হবে। সংশ্লিষ্ট বিভাগে পরীক্ষার আবেদন ফরম জমা না দিলে ফরমপূরণ সম্পন্ন হয়নি বলে গণ্য হবে। উল্লেখ্য যে, পরীক্ষার আবেদন ফরমের **Student's** কপি ভবিষ্যৎ প্রয়োজনে পরীক্ষার্থীকে নিজ দায়িত্বে সংরক্ষণ করতে হবে |
| সেশন ফি সংক্রান্ত বিজ্ঞপ্তি | ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থীদের মধ্যে যারা এখনো ৪র্থ বর্ষের সেশন ফি পরিশোধ করেনি, তারা ফরমপূরণের জন্য নির্ধারিত তারিখের মধ্যে অনলাইন ব্যাংকিং বিকাশ/নগদ অ্যাপস্-এর মাধ্যমে প্রথমে সেশন ফি পরিশোধ করতে হবে। সেশন ফি পরিশোধের পর ফরমপূরণের ফিসের টাকাও অনুরূপভাবে পরিশোধ করতে হবে। অনিয়মিত শিক্ষার্থীরাও (যারা পূর্বে অনার্স-৪র্থ বর্ষ পরীক্ষা দেয়নি) অনুরূপভাবে ফরমপূরণের ফি পরিশোধের পূর্বে তাদের সেশন ফি পরিশোধ করতে হবে। |
| পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী: | (ক) নিয়মিত পরীক্ষার্থীদের জন্য: জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত অনার্স কোর্সের যে সকল শিক্ষার্থী ২০২০ সালের অনার্স-৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে **Promoted** হয়েছে তারা ২০২১ সালের অনার্স-৪র্থ বর্ষ পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। |
| | (খ) অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য: ২০১৪-২০১৫, ২০১৫-২০১৬ এবং ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে নিবন্ধিত যে সকল পরীক্ষার্থী অনার্স-৪র্থ বর্ষ পরীক্ষায় এক বা একাধিক কোর্সে **"F"** গ্রেড প্রাপ্ত হয়েছে অথবা অনুপস্থিত রয়েছে তারা ২০২১ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় ঐ সকল কোর্সে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। |
| | (গ) ২০১৪-২০১৫, ২০১৫-২০১৬ এবং ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের পরীক্ষার্থী যারা ২০২০ সালের অনার্স-৩য় বর্ষ পরীক্ষায় **Promoted** হয়েছে সে সকল পরীক্ষার্থী ২০২১ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। |

সিলেবাস : ২০২১ সালের অনার্স-৪র্থ বর্ষ পরীক্ষা জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর নতুন সিলেবাস অনুযায়ী অনুষ্ঠিত হবে।

ফলাফল : এ পরীক্ষার ফলাফল গ্রেডিং পদ্ধতিতে প্রকাশ করা হবে।

১৫/০২/২০২৩
অধ্যক্ষ
চাঁদপুর সরকারি কলেজ
চাঁদপুর।

অনুলিপি :
১। উপাধ্যক্ষ, চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।
২। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, চাঁ.স.ক।
৩। সম্পাদক, শিক্ষক পরিষদ, চাঁ.স.ক।
৪। কলেজ ওয়েব সাইট: **www.chandpurcollege.edu.bd**
৫। অফিস নথি।